

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ কুরআনের প্রতি আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কুরআন পড়তে পড়তে তন্দ্রা বা ঢুল এলে পড়া বন্ধ করুন

যেহেতু সাধারণতঃ সে সময় আপনি কি পড়তে কি পড়ে বসে থাকবেন, তা হয়তো নিজেই বুঝতে পারবেন না। রাসুল (ﷺ) বলেন, "তোমাদের কেউ যখন নামায পড়তে পড়তে ঢুলতে শুরু করে, তখন সে যেন শুয়ে পড়ে; যাতে তার ঘুম দূর হয়ে যায়। নচেৎ, কেউ ঢুলতে ঢুলতে নামায পড়লে সে হয়তো বুঝতে পারবে না, সম্ভবতঃ সে ক্ষমা চাইতে গিয়ে নিজেকে গালি দিয়ে বসবে।[1]

তিনি বলেন, "তোমাদের মধ্যে কেউ রাতে উঠে তার জিভে কুরআন পড়া জড়িয়ে গেলে এবং সে কি বলছে তা বুঝতে না পারলে, সে যেন শুয়ে পড়ে।"[2]

অতএব কুরআন তিলাওয়াত করতে করতে যখনই ঘন ঘন হাই আসতে শুরু করবে তখনই কুরআন পড়া বন্ধ করে দিন। নচেৎ তন্দ্রা তাড়াবার ব্যবস্থা করুন।

ফুটনোট

- [1]. বুখারী, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/৭৮৬, মিশকাত হা/১২৪৫
- [2]. মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/৭৮৭

Source — https://www.hadithbd.com/books/link/?id=7917

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন